



ঢাকা বিশ্ববিদ্যালয় : ম্যানেজমেন্ট বিভাগে ০২ (দুই) টি স্থায়ী সহকারী অধ্যাপকের পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দপ্তর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।  
বেতন স্কেলে : ৩৫,৫০০-৬৭,০১০/- টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

যোগ্যতা : প্রার্থীদের ম্যানেজমেন্ট বিষয়ে বিবিএ এবং এমবিএ পরীক্ষার উভয়টিতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৭৫ সহ এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। কোনো বিশ্ববিদ্যালয়ে তাঁদের কমপক্ষে তিন বছরের শিক্ষাদানের অভিজ্ঞতাসহ স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় ০৩ (তিন) টি প্রকাশিত প্রবন্ধ থাকতে হবে। Predatory journal-এ প্রকাশিত কোনো প্রকাশনা গ্রহণ করা হবে না। শিক্ষক হিসেবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। অন্যান্য যোগ্যতা সমান থাকলে পিএইচডি ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ৮ (আট) কপি দরখাস্ত রেজিস্ট্রারের নিকট পৌঁছাতে হবে। প্রত্যেক কপি দরখাস্তের সহিত প্রশংসাপত্র, মার্কসিট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ২৪/১১/২০২১। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।

পিএফ-২৬০-১৫৫১/২১ (৪'x২)